

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম ইউরোপ ও ইইউ অনুবিভাগ
ঢাকা
www.mofa.gov.bd

নং- ১৯.০০০০.০০.৪৫৫.৫২.৬০৪.১৭-৫৮৬

তারিখঃ ১৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

প্রাপক : জনাব ড. হাছান মাহমুদ, এমপি
মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ৩০ আগস্ট- ১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে যুক্তরাজ্যে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে, আগামী ৩০ আগস্ট - ১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে যুক্তরাজ্যে অনুষ্ঠিতব্য 'Parliamentary Intelligence-Security Forum' শীর্ষক কনফারেন্সে যোগদানের লক্ষ্যে আপনার অনুকূলে যুক্তরাজ্যে সরকারী সফরের বাংলাদেশ সরকারের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলী নিম্নরূপ:

- ক) সফরকালীন সময়ে আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে;
- খ) আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া ও বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে;
- গ) আপনি আগামী ৩০ আগস্ট ২০২৩ অথবা তার নিকটবর্তী তারিখে যুক্তরাজ্যে পৌঁছাবেন এবং ২ সেপ্টেম্বর ২০২৩ অথবা তার নিকটবর্তী তারিখে ঢাকার উদ্দেশ্যে যুক্তরাজ্য ত্যাগ করবেন।

৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

(আফরিন নাহার লতা)

সহকারী সচিব

ফোনঃ ৪৭১১০৬৪৬


ইমেইলঃ aseurope@mofa.gov.bd

নং- ১৯.০০০০.০০.৪৫৫.৫২.৬০৪.১৭-৫৮৬

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক (প্রশাসন/ পশ্চিম ইউরোপ ও ইইউ) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এসএমও/এফএমও /এফএসও/ সংস্থাপন /অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। এস.এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। অফিস কপি।


১৪.০৪.২০২৩
(আফরিন নাহার লতা)
সহকারী সচিব